সারের ডিলার নিয়োগে অনিয়মের অভিযোগ জামায়াতের



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

সারাদেশে সারের ডিলার নিয়োগে অনিয়ম ও স্বজনপ্রীতি হয়েছে বলে অভিযোগ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির অভিযোগ, প্রকৃত ব্যবসায়ীদের বাদ দিয়ে পছন্দের ও দলীয় ব্যক্তিদের ডিলার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) দুপুরে রাজধানীর মগবাজারে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

তিনি বলেন, সারের ডিলারশিপের জন্য ৪৭ হাজারের বেশি আবেদন জমা পড়েছিল। কিন্তু দলীয় প্যাড ব্যবহার করে পছন্দের ব্যক্তিদের নিয়োগ দেওয়া হয়েছে। এমনকি অর্থের বিনিময়ে ফ্যাসিস্টদেরও ডিলার করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি।

দেশে কর্তৃত্ববাদী শাসন প্রতিষ্ঠার চেষ্টা চলছে অভিযোগ করে মিয়া গোলাম পরওয়ার বলেন, বিরোধী দলকে কৌশলে বাইরে রেখে সংবিধান সংশোধন কমিটি গঠন করা হয়েছে। তাঁর ভাষায়, এভাবে জাতির সঙ্গে প্রহসন করা হচ্ছে।

জামায়াতের কর্মকাণ্ডকে যারা 'কুসুম কুসুম বিরোধিতা' বলে আখ্যা দেন, তাদের সমালোচনা করে তিনি বলেন, তাঁদের মূলত সহিংসতা ও অগ্নিসংযোগের প্রতি আগ্রহ রয়েছে।

এদিকে, কুমিল্লায় দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছে জামায়াতে ইসলামী।